

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর সদর, নাটোর
fisheries.natoresadar.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৬৯৬৩.৫০১.৯৭.০০২.২১.৮৮

তারিখঃ- ০২.০৬.২০২২ খ্রি.

অফিস আদেশ

মন্ত্রীপরিষদ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ এর আলোকে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর সদর এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (২০২২-২০২৩) প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়নের নিমিত্ত অত্র দপ্তরের নিম্নোক্ত কর্মকর্তাগণের সম্বন্ধে এপিএ(APA) টিম গঠন করা হলোঃ

ক্রঃ নং	কর্মকর্তার নাম ও পদবী	টিমে পদবী
১	মোসাঃ আয়েশা খাতুন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	টিম লিডার
২	মোসাঃ আয়েশা খাতুন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	ফোকাল পয়েন্ট কর্মকর্তা
৩	মোঃ আখতার হোসেন, ক্লেট্রসহকারী	সদস্য
৪	মোঃ ইয়াছির আরাফাত, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	সদস্য
৫	এস এম নাজিম উদ্দিন, সহকারী মৎস্য কর্মকর্তা	সদস্য সচিব

দায়িত্ব ও কার্যপরিধিঃ

১. খসড়া এপিএ প্রণয়ন করা ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা;
২. প্রতি দুইমাসে একবার এপিএ'র অগ্রগতি পর্যালোচনা করা;
৩. এপিএ'র সংশোধন (যদি থাকে) প্রস্তাব উর্ধ্বতন অফিসের নিকট প্রেরণ;
৪. প্রতি ত্রৈমাসিকের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত এবং উর্ধ্বতন অফিসে প্রেরণ;
৫. অর্ধবার্ষিক অগ্রগতির প্রমাণক সংরক্ষণ;
৬. বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত, প্রমাণকের যথার্থতা যাচাই ও সংরক্ষণ এবং অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে উর্ধ্বতন অফিসে প্রেরণ;
৭. এপিএ ক্যালেন্ডার ও নির্দেশিকা অনুযায়ী সংশ্লিষ্ট সকল কাজ সম্পাদন করা;
৮. এপিএ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত তদারকি করা ও অগ্রগতি বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করা;
৯. এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি যথাসময়ে ওয়েবসাইটে আপলোড করা ও প্রমাণক সংরক্ষণ করা;
১০. কমপক্ষে প্রতি দুই মাসে একটি সভা করা ও সভার কার্যবিবরণী প্রণয়ন, বিতরণ ও সংরক্ষণ করা
১১. এপিএ চুক্তি সংক্রান্ত সকল প্রতিবেদন এপিএ ক্যালেন্ডারের নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করা এবং
১২. উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনার আলোকে সময় সময় অর্পিত দায়িত্ব পালন করা।



(মোসাঃ আয়েশা খাতুন)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
নাটোর সদর, নাটোর
টেলিফোনঃ ০২৫৮৮৮৭২৬৪১

ই-মেইলঃ sufonatore@fisheries.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৬৯৬৩.৫০১.৯৭.০০২.২১.৮৮

তারিখঃ- ০২.০৬.২০২২ খ্রি.

বিতরণ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ২। জেলা মৎস্য কর্মকর্তা, নাটোর।
- ৩। এস এম নাজিম উদ্দিন, সহকারী মৎস্য কর্মকর্তা, সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, নাটোর সদর, নাটোর।
- ৪। মোঃ আখতার হোসেন, ক্লেট্রসহকারী, সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, নাটোর সদর, নাটোর।
- ৫। মোঃ ইয়াছির আরাফাত, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের দপ্তর, নাটোর সদর, নাটোর।
- ৬। দপ্তর নথি।



সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
নাটোর সদর, নাটোর